অভিনব প্রতিবাদ

দুরন্ত বার্তা, শান্তিপুর, ২৮ জুলাই ঃ গরুর গাড়িতে করে অভিনব পদ্ধতিতে কেন্দ্র সরকারের জনবিরোধী নীতি এবং পেট্রোল-ডিজেলের দাম বৃদ্ধি নিয়ে পথে নেমে বিক্ষোভ দেখাতে শুরু করল শান্তিপুর ব্লক যুব তৃণমূল কংগ্রেস। পথচলতি বিভিন্ন মোটর বাইক আরোহীকে করানো হলো মিষ্টিমুখ। এদিন নদীয়ার শান্তিপুর থানার ফুলিয়া বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় বিক্ষোভ দেখান তারা। মূলত পেট্রোল এবং ডিজেলের দাম দিন দিন যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে সাধারণ মানুষ নাজেহাল হয়ে পড়েছে। পেট্রোল-ডিজেলের দাম বৃদ্ধি হওয়ার কারণে নিত্য প্রয়োজনীয় বিভিন্ন জিনিসপত্রের দাম উর্ধ্বমুখী। এর পাশাপাশি বর্তমানে পেগাসাস সফটওয়্যার নিয়ে দেশের রাজনীতি উত্তপ্ত। অভিযোগ কেন্দ্রের বিজেপি সরকার উদ্দেশ্য প্রণোদিত ভাবে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ফোনের যাবতীয় তথ্য নেওয়ার চেষ্টা করছে। নদীয়া দক্ষিণের প্রাক্তন যুব সভাপতি প্রসেনজিৎ মন্ডল বলেন, যেভাবে পেট্রোল ও ডিজেলের দাম বৃদ্ধি পাচ্ছে সেই সঙ্গে কেন্দ্র সরকারের নির্দেশে বেআইনিভাবে ফোন থেকে তথ্য সংগ্রহ করা হচ্ছে তার তীব্র প্রতিবাদ জানাই। রাজ্যজুড়ে আমরা এই প্রতিবাদে সামিল হয়েছি। ঠিক একই ভাবে এদিন শান্তিপুরের ফুলিয়ায় বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করল তৃণমূল কংগ্রেস।

পরিচ্ছন্নতার জন্য

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৮ জুলাই ঃ শহরকে আবর্জনা মুক্ত রাখতে আগে থেকেই শহরের বিভিন্ন জায়গায় বাঁশি বাজিয়ে বাড়ির নোংরা আবর্জনা সংগ্রহ করা হত। এবার এই কাজেই এক নতুন পদক্ষেপ নিল শিলিগুড়ি পৌরনিগম। বুধবার শিলিগুড়ির বাঘাযতীন মদানের সামনে পৌরনিগমের প্রশাসক মন্ডলীর চেয়ারম্যান গৌতম দেব পৌরনিগমের নতুন আবর্জনা সংগ্রহ গাড়ির উদ্বোধন করেন। এই গাড়িগুলো পৌর নিগমের অন্তর্গত বিভিন্ন ওয়ার্ডে ভাগ করে দেওয়া হবে। গৌতম দেব সহ এদিনের উদ্বোধনীতে উপস্থিত ছিলেন পৌরনিগমের প্রশাসক মন্ডলীর সদস্য রঞ্জন সরকার, পৌরনিগমের কমিশনার সোনম ওয়াংদি ভুটিয়া সহ অন্যান্য সদস্য ও কর্মীরা। এদিন রঞ্জন সরকার জানান, যে সমস্ত আবর্জনা সংগ্রহ গাড়িগুলো পৌরনিগমে ভাড়াতে খাটছিল সেই সমস্ত গাড়ি গুলোকে সরিয়ে দিয়ে আজ থেকে পৌরনিগমের নিজস্ব এই গাড়ি ও টোটোগুলো চলবে। তিনি আরও জানান, দৈনন্দিনের আবর্জনা যতটা সম্ভব দ্রুত সরিয়ে দেওয়ার ব্যাবস্থা করা হবে। পাশাপাশি তিনি জানান, 'সবুজ শিলিগুড়ি-পরিস্কার শিলিগুড়ি' এই স্লোগান নিয়েই তারা কাজ করছেন এবং পরবর্তীতে কাজ করে যাবেন।

বিজেপি ও বাম-কংগ্রেস সদস্যদের নিয়ে পঞ্চায়েতের ক্ষমতায় তৃণমূল

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৮ জুলাই ঃ বিজেপিতে থেকে কোনও উন্নয়নমূলক কাজ করা যাচ্ছে না, শুধুই জাতপাত আর বিভেদের রাজনীতি করে বিজেপি। হিংসা আর উস্কানিমূলক রাজনীতির আঙিনা ছেড়ে গ্রাম তথা গ্রামের মানুষের উন্নয়নের স্বার্থে বিজেপি ও বাম-কংগ্রেস জোট ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগদান করলেন নির্বাচিত পঞ্চায়েত সদস্যরা। ফলে বিজেপির দখলে থাকা রায়গঞ্জ ব্লকের বরুয়া গ্রাম পঞ্চায়েতে ক্ষমতায় এল তৃণমূল কংগ্রেস। দলত্যাগী বিজেপি ও বাম-কংগ্রেস পঞ্চায়েত সদস্যদের তৃণমূল কংগ্রেসে স্বাগত জানালেন উত্তর দিনাজপুর জেলা তৃণমূল শীর্ষ নেতৃত্ব। সবুজ আবিরে রাঙিয়ে বরণ করে নেওয়া হল তাদের। এবার থেকে গ্রামে হবে উন্নয়ন, বিপদে-আপদে সর্বদা গ্রামের মানুষের পাশে থেকে কাজ করার অঙ্গীকার নিলেন সদ্য বিজেপি ও সিপিএম-কংগ্রেস ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগদানকারী পঞ্চায়েত সদস্যরা। ২০১৮ সালে পঞ্চায়েত নির্বাচনে রায়গঞ্জ ব্লকের ১২ নম্বর বরুয়া গ্রাম পঞ্চায়েতের দখল নিয়েছিল বিজেপি। মোট ২৭ সদস্যের পঞ্চায়েতে বিজেপি পেয়েছিল ১১টি আসন, তৃণমূল কংগ্রেস ১২টি এবং সিপিএম-কংগ্রেস জোট পেয়েছিল ৪টি আসন। বিজেপির ১১ জন এবং বাম-কংগ্রেস জোটের ৪ জন সদস্য মিলে বরুয়া গ্রাম পঞ্চায়েতের দখল নেয় বিজেপি। ২০২১-এর বিধানসভা নির্বাচনে বিপুল সংখ্যা গরিষ্ঠতা নিয়ে রাজ্যের তৃতীয়বারের জন্য ক্ষমতায় আসে মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস। এরপর থেকেই একে একে বিজেপির দখলে থাকা গ্রাম পঞ্চায়েত তাসের ঘরের মতো ভেঙে পড়তে থাকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়ন কর্মযজ্ঞে শামিল হতে বিজেপি ও বাম-কংগ্রেস সদস্যরা দলে দলে তৃণমূল কংগ্রেসে নাম লেখাতে শুরু করেন। এদিন রায়গঞ্জ ব্লকের বিজেপি পরিচালিত ১২ নং বরুয়া গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে অনাস্থা আনে তৃণমূল কংগ্রেস। বিজেপির ৩জন এবং জোটের ৪জন পঞ্চায়েত সদস্য তৃণমূল কংগ্রেসের পক্ষে ভোট দিয়ে বিজেপি বোর্ডের বিরুদ্ধে অনাস্থা পাশ করিয়ে নেয়। এর ফলে বর্তমানে ১২ নং বরুয়া গ্রাম পঞ্চায়েতের ২৭ জন সদস্যের মধ্যে তৃণমূল কংগ্রেসের দাঁড়ালো ১৯ জন, এবং বিজেপির ৮ জন। অনায়াসেই বরুয়া গ্রাম পঞ্চায়েতের বোর্ড দখল করল তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেসে যোগদানকারী দলত্যাগী বিজেপি ও বাম-কংগ্রেস সদস্যরা জানিয়েছেন, বিজেপিতে হিংসা আর উস্কানিমূলক রাজনীতি এবং চরম গোষ্ঠীদ্বন্দ্ব। ফলে বিজেপির দখলে থাকা বরুয়া গ্রাম পঞ্চায়েতের সাধারণ মানুষের কোনও উন্নয়নমূলক কাজই হচ্ছিল না। অনাস্থা এনে গ্রামের সাধারন উন্নয়ন ও পরিষেবা দেওয়ার লক্ষ্যে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন তাঁরা। রায়গঞ্জ ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মানস ঘোষ জানিয়েছেন, বিধানসভা নির্বাচনে রাজ্যে তৃণমূল পুনরায় ক্ষমতায় আসার পর দলে দলে বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগদান করছেন। গ্রামের মানুষের সার্বিক উন্নয়নের স্বার্থে বিজেপি ছেড়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নে শামিল হতেই পঞ্চায়েতের বোর্ড পরিবর্তন করলেন বরুয়া গ্রাম পঞ্চায়েতের সদস্যরা।

বর্ষীয়ান নেতার প্রয়াণে শোক শান্তিপুরে

দুরন্ত বার্তা, শান্তিপুর, ২৮ জুলাই ঃ পৌরপিতা অজয় দে'র মৃত্যুর পর রাজনীতিতে আবারও শোকের ছায়া, এবার শ্বাসকষ্টজনিত কারণে প্রয়াত হলেন শান্তিপুর পৌরসভার প্রাক্তন ভাইস চেয়ারম্যান কুমারেশ চক্রবর্তী। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৩ বছর। উল্লেখ্য, বেশ কয়েক মাস যাবত শ্বাসকষ্ট জনিত সমস্যায় ভুগছিলেন বর্ষীয়ান নেতা কুমারেশ চক্রবর্তী। গত চার দিন আগে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তাকে ভর্তি করানো হয় সেখানেই তার চিকিৎসা চলছিল। বুধবার সকালেই পরিবারে খবর আসে তিনি প্রয়াত হয়েছেন, খবর পৌঁছাতেই নেমে আসে শোকের ছায়া। বর্ষীয়ান নেতা কুমারেশ চক্রবর্তী শান্তিপুরের রাজনৈতিক মহলে খুবই সুপরিচিত একজন রাজনৈতিক নেতা ছিলেন। শান্তিপুরের সাধারন মানুষ তাকে লড়াকু নেতা বলে থাকতেন, এর আগেও শান্তিপুর পৌরসভার ভাইস চেয়ারম্যান পদে তিন মাসের জন্য নিযুক্ত ছিলেন। শান্তিপুর পৌরসভার পৌর প্রশাসক অজয় দে'র খুবি ঘনিষ্ঠ ছিলেন কুমারেশ চক্রবর্তী। তার রাজনৈতিক জীবনে বিভিন্ন কারণে দলবদল করেন তিনি। কিন্তু যে কোনো রাজনৈতিক সমাবেশ বা জনসভায় তার বক্তব্য শোনার জন্য অধীর আগ্রহে থাকতেন শান্তিপুরের একাংশ মানুষ। বর্তমানে তিনি রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিলেন। আজ তাঁর অকাল প্রয়াণে শোকের ছায়া গোটা শান্তিপুরের পাশাপাশি পরিবারে। যদিও বর্ষীয়ান নেতা কুমারেশ চক্রবর্তীর প্রয়ানের পরে কোন রাজনৈতিক দলের নেতারা তার বাড়িতে একবারের জন্য যোগাযোগ করেনি বলেই দুঃখপ্রকাশ করেন কুমারের চক্রবর্তীর স্ত্রী। কুমারেশ চক্রবর্তীর বন্ধুবান্ধব জানান, তার পরিবার এখন খুবই অসহায়। কুমারেশ চক্রবর্তী নিজের জীবনের বেশিরভাগ সময় কাটিয়েছেন রাজনীতিতে। কিন্তু তার মৃত্যুর খবর পেয়ে কোনো নেতার দেখা মেলেনি বলেই দুঃখ প্রকাশ করেন তার প্রিয়জনরা। পরিবারের পক্ষ থেকে জানানো হয়, কুমারের চক্রবর্তীর মৃতদেহ কলকাতা থেকে শান্তিপুর এসে পৌঁছাতে বিকেল হতে পারে। স্বভাবতই কুমারেশ চক্রবর্তীকে শেষবার দেখার জন্য অধীর আগ্রহে তার পরিবারসহ অনুগামীরা।

অস্ত্রসহ গ্রেফতার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৮ জুলাই ঃ ৯ এমএম দেশী পিস্তুল, কার্তুজ সহ এক ব্যক্তিকে গ্রেফতার করল এনজেপি থানার সাদা পোশাকের পুলিশ। তদন্তের স্বার্থে পুলিশী রিমান্ডের আবেদন। পুলিশ সজাগ হলেও কমেনি অপরাধমূলক কাজ। এনজেপি থানার অন্তর্গত বিভিন্ন এলাকায় প্রায় প্রতনিয়তই এমন কর্মকাণ্ডের আঁচ মেলে। কিছুদিন আগেও ফুলবাড়িতে খুনের ঘটনাও ঘটতে দেখা গেছে। তবে সমস্ত বিষয়ের উপর সক্রিয় ভূমিকা গ্রহন করছে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের এনজেপি থানা। মঙ্গলবার রাতে অম্বিকানগর আন্ডারপাস থেকে বিভাস দত্ত নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে পুলিশ। তার কাছ থেকে উদ্ধার হয় ইম্প্রোভাইস ৯ এমএম দেশী লোডেড ফায়ার আর্মস। ধৃত ব্যক্তির বাড়ি এনজেপি থানার ভুট্টাবাড়ি এলাকায়। পুলিশ সূত্রে জানা গেছে, এর আগেও থানায় একাধিক মামলা রয়েছে তার নামে। পুলিশের প্রাথমিক অনুমান বিহার থেকে পিস্তলটি বিক্রির উদ্যশ্য নিয়ে এসেছিল সে। বুধবার ধৃত ব্যক্তিকে জলপাইগুড়ি আদালতে পাঠানো হয়।

পুকুর থেকে উদ্ধার হল গৃহবধূর মৃতদেহ

দুরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ২৮ জুলাই ঃ মঙ্গলবার থেকে নিখোঁজ ছিলেন, বুধবার সকালে বাপের বাড়ির পাশে পুকুর থেকে উদ্ধার হল নিখোঁজ গৃহবধূর দেহ। দক্ষিণ দিনাজপুর জেলার তপন থানার অন্তর্গত রামনগর গ্রামের ঘটনা। মৃত বধূর নাম তিথি সরকার (২৪)। এই ঘটনায় মৃত গৃহবধূর মা, বাবা ও ভাইকে আটক করেছে পুলিশ। পুকুরে পড়ে গিয়ে না কি অন্য কোনও কারণে ওই বধূর মৃত্যু হয়েছে, তা তদন্ত করে দেখছে পুলিশ। বধূর দেহ উদ্ধারকে ঘিরে ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে রামনগর এলাকায়। স্থানীয় মানুষজন খুনের অভিযোগ তুলে তপন-করদহ রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। মৃতদেহ উদ্ধার করতে গেলে ক্ষোভের মুখে পড়তে হয় পুলিশ কর্মীদের। স্থানীয় সূত্রের খবর, দেড় বছর আগে তপন থানার অন্তর্গত রামনগর গ্রামের বাসিন্দা বাবুল সরকারের মেয়ে তিথি সরকারে সঙ্গে মালদা জেলার পুকুরিয়া থানার সুলতানগঞ্জ গ্রামের বাসিন্দা মহম্মদ আসরাফুল হকের বিয়ে হয়। মহম্মদ আসরাফুল হক পেশায় একজন পুলিশ কর্মী। তাঁদের চার মাসের পুত্র সন্তান রয়েছে। গত রবিবার বিকেলে স্বামীর বাড়ি থেকে মেয়েকে নিয়ে আসে বাবা-মা। মঙ্গলবার ভোর থেকে নিঁখোজ থাকেন তিথি। স্ত্রীর নিখোঁজ হওয়ার খবর পেয়ে মঙ্গলবার ছুটে আসেন মহম্মদ আসরাফুল। দিনভর স্ত্রীকে বিভিন্ন জায়গায় খোঁজখুঁজির পর রাতে ফিরে যান তিনি। বুধবার ভোরে মৃতের বাপের বাড়ির পাশের একটি পুকুরে তিথির মৃতদেহ ভাসতে দেখেন স্থানীয়রা। এরপরেই এলাকার মানুষজন খুনের অভিযোগ তুলে তপন-করদহ রুট অবরোধ করে বিক্ষোভ দেখান। মৃতের বাপের লোকজনের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন ক্ষুব্ধ গ্রামবাসীরা। খবর পেয়ে তপন থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে ছুটে আসে। পুকুর থেকে মৃতদেহ উদ্ধার করতে গেলে গ্রামবাসীদের ক্ষোভের মুখে পড়তে হয় পুলিশকে। পরে পুলিশ মৃত বধূর বাবা, মা ও ভাইকে আটক করে থানায় নিয়ে গেলে পরিস্থিতি স্বাভাবিক হয়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

মাস্ক পরায় অনীহা

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৮ জুলাই ঃ করোনা আবহে এখনও কিছু কিছু মানুষের মধ্যে মাস্ক ব্যবহার করতে অনীহা লক্ষ্য করা যাচ্ছে। তারা বাইরে বেরিয়ে পড়ছে মাস্ক ছাড়াই, এমন ১৪ জনকে জরিমান করল আলিপুরদুয়ার পৌরসভার এনফোর্সমেন্ট টিম। মঙ্গলবার রাতে আলিপুরদুয়ার শহরে অভিযানে নামে আলিপুরদুয়ার এনফোর্সমেন্ট টিম ও আলিপুরদুয়ার জেলা পুলিশ। অভিযানে নেমে যে অসমস্ত অসচেতন জনগণ মাস্ক ব্যবহার করছেন না তাদের জরিমানা করা হয় এবং যেসমস্ত দোকানদার সরকারি বিধিনিষেধ মানছেন না তাদের গ্রেফতার করা হয়। একটি শোরুম নির্দিষ্ট সময়ের পরও খোলা থাকায় দু'জন গ্রেফতার হয়েছে।

বাসের আদলে বাসা দেখতে নিত্য ভিড় ধানাইগ্রামে

দেবশ্রী মজুমদার, পাঁড়ুই

জ্বালানির অগ্নিমূল্যে যখন গণপরিবহন বেসামাল, ঠিক তখনই গরীবের ঘোড়া রোগ পাঁড়ুইয়ের এক শিল্পীর। শিল্পী উদয় দাস তাঁর মা লক্ষ্মীর নামে নিজেই বানিয়ে ফেললেন লক্ষ্মী ট্র্যাভেলস বাস। শুরুতে এমন মন্তব্য গ্রামের অনেকেই করেছিলেন। অবশ্য যতক্ষণ না কোন রূপকথার কাহিনীর মত তার বাস সজীব হয়ে জ্বালানির তেল দাবী করছে! ততক্ষণ নো চিন্তা বাস মালিকের! এটাই যা আশার কথা! বাসের রুট বোলপুর-শান্তিনিকেতন বাইপাস রোড। রাজ্য সরকারের নিয়মে করোনা বিধি মেনে পঞ্চাশ শতাংশ যাত্রী নিয়ে দূরত্ববিধি মেনে চালাতে হবে বাস। বোলপুর শান্তিনিকেতন ছেড়ে কসবা পাঁড়ুই হয়ে সিউড়ী যাবে বাস। রিজার্ভ করা যাবে। যোগাযোগের নাম্বার দেওয়া আছে বাসের গায়ে। বাস তো হলো, কিন্তু তেলের যা দাম! তবুও এই খেয়াল! শিল্পী মাত্রেই খেয়ালি, আর শিল্প মানেই খামখেয়ালের ফসল। এ প্রসঙ্গে কথা বলতে গেলে পাঁড়ুই পঞ্চায়েতের অন্তর্গত ধানাই গ্রামে যেতে হবে। পাঁড়ুই থেকে মাত্র এক কিমি হাঁটা পথ। ব্যাঙ্ক থেকে আশি হাজার টাকা লোন নিয়ে একা হাতে নিখুঁত বাসের আদলে তৈরী করে ফেলেন এক আস্ত বাসা। দূর থেকে সাধারণ মানুষের মনে হবে বাস দাঁড়িয়ে আছে প্যাসেঞ্জার নেওয়ার জন্য। পাক্কা এক বছর লাগে। তাঁকে সাহায্য করেছেন স্ত্রী আর বড় ছেলে। দু'একজন শ্রমিক ছাড়া পুরো কাজটা নিজে একা হাতে করেছেন। এমনিতে মৃৎ শিল্পী। পুরন্দরপুরে পঁয়তাল্লিশ ফুট কালি মূর্তি তিনি তৈরী করেন। পড়াশোনা করা হয় নি। তাই বিশ্বভারতীর কলাভবনে পড়ার সাধ তাঁর মেটে নি। কৃষিমেলায় তাঁর শিল্প সকলের নজর কাড়ে। পুরস্কারও পান। তবে অভাব তাঁর নিত্যসঙ্গী। শিল্পী ভাতা পান নি। পান নি অন্যান্য সাহায্য। প্রথম যখন বাসা বানাতে গিয়ে বাস বানাচ্ছিলেন, অনেকেই ভাবছিলেন একি ছেলেখেলা! আজ সোশ্যাল মিডিয়ার দৌলতে বাস খুঁজতে সবাই চলে আসছেন, রসিকতা করে বলছেন, বাসে চড়তে এলাম। দাদা, বাস কখন ছাড়বে? সবার তারিফ শুনে উদয় দাস বলেন, সবাইকে আনন্দ দিতে পারছি এতেই আনন্দ। এখনও গৃহপ্রবেশ হয় নি। তবে বাইরে ওয়েদার কোট পেন্টিং, জানালার কাঁচ লাগানো সম্পূর্ণ। দূরদূরান্তের লোকের কাছে এখন পরিচিত শিল্পীর গ্রাম ধানাই গ্রাম। বাসের আদলে বাসা দেখতে ভিড় জমছে মানুষের। এখন পোড়ো ভগ্নপ্রায় বাড়িতে বড় ছেলের পরিবার, ছোট ছেলে, স্ত্রী ও অসুস্থ মা বাবাকে নিয়ে মাত্র দুটি রুমে থাকেন উদয় দাস। দুই ছেলে ও এক মেয়ে। এক ছেলে ও মেয়ের বিয়ে দিয়েছেন। বাস বাড়ি। অথচ বাস বলে ভুল হওয়ার পক্ষে যথেষ্ট যুক্তি আছে। বাসের রঙ, বাসের জানালা, বাসের ঘেরা ছাদ, বাসের মুখ, হেড লাইট, বাসের চাকা এত নিখুঁত যা একমাত্র কোন শিল্পীর পক্ষে এমনভাবে প্রাণবন্ত করে তোলা সম্ভব। চাকায় নাটবোল্ট পর্যন্ত আসল মনে হবে। শিল্পীর কথায়, ঢালাই দিয়ে চাকা তৈরী হয়। তারপর ছোট কুর্ণি দিয়ে সিমেন্টের মশলা ধরিয়ে ফুটিয়ে তোলা হয় বাসের চাকা। শুধু তাই নয়, বাসের গায়ে যেসব লেখা থাকে তাও হুবহু লেখা রয়েছে। বাসের ভেতরে ঢুকলে একটি রান্নাঘর ও একটি বেডরুম আছে। কিন্তু রান্না ঘর পুরো বাসের কেবিন। কেবিনের দেওয়ালে শিবের মূর্তি। বাসা মনে হবে না। মনে হবে যেন বাসেই আছি। গন্তব্যস্থল চলে এলো না তো? খালাসি যেন হাঁক দিচ্ছে-পাঁড়ুই, কসবা, সিড়ড়ী...

সদ্যোজাতর মৃত্যু

দুরন্ত বার্তা, বীরভূম, ২৮ জুলাই ঃ প্রসবের সময় মাথায় কাঁচির খোঁচায় মর্মান্তিক মৃত্যু হয় সদ্যোজাতর। চিকিৎসায় গাফিলতির অভিযোগ ঘিরে তুলকালাম সিউড়ি সুপার স্পেশ্যালিটি হাসপাতালে। মঙ্গলবার প্রসব যন্ত্রণা নিয়ে সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি হন রাখি দাস। তিনি চন্দ্রপুর থানার কুসমাসুল গ্রামের বাসিন্দা। বুধবার তিনি সন্তান প্রসব করেন। অভিযোগ, প্রসবের সময় তাঁর সন্তানের মাথা কাঁচিতে কেটে যায়। অসুস্থ হয়ে পরলে সদ্যোজাতকে এসএনসিইউতে ভর্তি করা হয়। পরে মৃত্যু হয় সদ্যোজাতর। ঘটনার কথা জানতেই ক্ষোভে ফেটে পড়েন পরিবারের সদস্যরা। চিকিৎসার গাফিলতির অভিযোগ করেছেন রাখি দাসের পরিবারের সদস্যরা। রাখির আত্মীয়রা সদ্যোজাতকে কোলে নিয়ে তার মাথাটি দেখান। তাতে ক্ষতের চিহ্ন স্পষ্ট রয়েছে। পরিবারের সদস্যদের বক্তব্য, আমরা দেখি আমাদের বাচ্চার মাথা থেকে রক্ত বেরোচ্ছে। কী হয়েছে প্রশ্ন করতে কিছুই বলেননি চিকিৎসকরা। আমরা তো কিছুই বুঝতে পারছি না। কি কারণে শিশুর মৃত্যু তা খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন সিউড়ি সুপার স্পেশ্যালিটি হাসপাতালের সুপার শোভন দে। চিকিৎসকের অবহেলার মাশুল এক শিশুকে জীবন দিয়ে দিতে হল তা নিয়ে ক্ষোভ ছড়িয়েছে সাধারণের মধ্যে।

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ [illegible] তারিখ ঃ [illegible] ২০২১। [illegible] পূর্ব রেলওয়ে, [illegible] ওয়েবসাইট http://www.ireps.gov.in [illegible] টেন্ডার নম্বর ঃ [illegible] ড্রয়িং নং টি-[illegible] ড্রয়িং নং টি-[illegible] [illegible] প্রক্রিয়া ঃ (১) [illegible] (২) [illegible] বন্ধের তারিখ ও সময় ঃ ২৩.০৮.২০২১ তারিখে দুপুর ২টা। [illegible] বারো (১২) মাস। [illegible] মূল্য ঃ [illegible] টাকা। বায়নামূল্য ঃ [illegible] টাকা। [illegible] http://www.ireps.gov.in-এ পাওয়া যাবে। [illegible]

[illegible] www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in [illegible]

R. K. WIRE PRODUCTS LIMITED

Regd. Off: Unit No. 1507, 15th Floor, Tower I, PS Srijan Corporate Park, Block EP & GP, Sector V, Salt Lake Kolkata- 700091

website: www.rkwire.com Email Id: info@rkwire.com

CIN: L17333WB1983PLC036848

Extract of Standalone Unaudited Financial Results for the Quarter ended 31st March, 2021

(Rs. in Lacs)

	Particulars	Quarter Ended 31.03.2021 Unaudited	Quarter Ended 31.12.2020 Unaudited	Quarter Ended 31.03.2020 Unaudited	Year Ended 31.03.2021 Unaudited	Year Ended 31.03.2020 Unaudited
1	Total Income from operations	2,261.41	1,774.55	1,254.15	8,305.18	10,054.21
2	Net Profit / (Loss) for the period (before tax, exceptional and / or extraordinary items)	134.41	40.02	15.39	409.67	1,344.53
3	Net Profit / (Loss) for the period before tax (after exceptional and / or extraordinary items)	134.53	40.02	20.53	401.14	1,347.27
4	Net Profit / (Loss) for the period after tax (after exceptional and /or extraordinary items)	91.25	30.25	15.16	310.64	1,020.77
5	Total Comprehensive Income for the period [comprising profit/(loss) for the period (after tax) and other comprehensive income (after tax)]	91.25	30.25	15.16	310.64	1,020.77
6	Equity Share Capital	74.85	74.85	74.85	74.85	74.85
7	Earnings Per Share (of Rs.10/- each) (for continuing and discontinuing operations) Basic	12.17	4.03	2.42	42.10	136.14
	Diluted	12.17	4.03	2.42	42.10	136.14

Note :

1. The above financial results for the quarter ended 31st March, 2021, have been reviewed by the Audit Committee and thereafter approved by the Board of Directors at their meeting held on 28th July, 2021. The Financial Results have been prepared in accordance with Indian Accounting Standards (Ind AS) notified under Section 133 of the Companies Act, 2013 ("the Act") read with Companies (Indian Accounting Standards) Rules 2015 and other recognised accounting practices and policies to the extent applicable.
2. The Company is principally engaged in Single segment viz. Manufacturing and trading in wire and wire ropes.
3. The management has, at the time of approving the financial statements, assessed the potential impact of the COVID-19 on the Company. Based on the current assessment, the Management is of the view that impact of COVID-19 on the operations of the Company will depend on future developments which are highly uncertain. The Company will continue to closely monitor any material changes to the future economic conditions which will be given effect in the respective future period.
4. Previous period's figures have been regrouped / rearranged wherever necessary.

For R. K. Wire Products Ltd.
Sd/-
Binod Kumar Bagaria
Director
(DIN-00484602)

Place : Kolkata
Date: 28th July, 2021

ইয়ার্ন সিণ্ডিকেট লিমিটেড

CIN NO: L51109WB1946PLC013842

রেজি. অফিস ঃ ৮৬/২/৪, এস এন ব্যানার্জি রোড, ১ম ফ্লোর, ফ্ল্যাট নং. ২, কলকাতা-৭০০০১৪
টেলিফোন ঃ ০৩৩-২২৬৫২১৬৩
ওয়েবসাইট ঃ www.yarnsyndicate.in,
ই-মেল ঃ ysl@yarnsyndicate.in

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ৪৭ সঙ্গে পড়তে হবে ধারা ২৯ সেবি (লিস্টিং অব্লিগেশানস ও ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুসারে বোর্ডের পরিচালনবর্গের একটি সভা আহ্বান করা হয়েছে বুধবার, ১১ আগস্ট, ২০২১ বিবেচনা, ইন্টার আলিয়া, অনিরীক্ষিত আর্থিক ফলাফল কোম্পানির ত্রৈমাসিক শেষে ৩০ জুন, ২০২১।

এই বিজ্ঞপ্তির তথ্যাদি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে এবং স্টক এক্সচেঞ্জের www.bseindia.com ওয়েবসাইটে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত।

বোর্ডের আদেশানুসারে
ইয়ার্ন সিণ্ডিকেট লিমিটেড-এর পক্ষে
স্বা / -
(বিকাশ চন্দ্র চ্যাটার্জি)
কোম্পানি সচিব

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৭.০৭.২০২১

Name Change

I, GUANG RONG alias JUSTIN CHUNG(old name) S/O TIAN SEN CHUNG resident of 47 South Tangra Road, Kolkata-700046, WEST BENGAL, India. I have changed my name to (shall henceforth be known as) GUANG RONG JUSTIN CHUNG, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 27/07/2021. GUANG RONG alias JUSTIN CHUNG and GUANG RONG JUSTIN CHUNG both are same and one identical person.

Name Change

I, SABDAR ALI MONDAL(old name) S/O NAIMUDDIN MONDAL resident of PO-Khalitpur, PS-Khalitpur, Bongaon, North 24 Parganas-743405, WEST BENGAL, India. I have changed my name to (shall henceforth be known as) CHABADAR ALI MONDAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 28/07/2021. SABDAR ALI MONDAL and CHABADAR ALI MONDAL both are same and one identical person.

Prodhan, Uchchagram Gram Panchayat under Galsi-1 Dev. Block, Dist. – Purba Bardhaman invites sealed Tenders from reliable and bonafide suppliers for supplying the tubewell materials under 15th FC (2021-22) fund vide **Memo No. Uchcha/347 dt. 26.07.2021.** Date of application for issueing Tender Paper **from 28/07/2021 to 03/08/2021** during office hours. Details information will be available from the office of the above mentioned office.

নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড

CIN : L01132WB1890PLC048991

রেজি. অফিস ঃ ১৫বি, হেমন্ত বসু সরণী, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১
ফোন নং. ২২১০০৫৫৩, ফ্যাক্স নং. ০৩৩ ২২১০০৫৪১
E-mail:enquiry@norbentea.com; Website:www.norbentea.com

৩১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম)
বিজ্ঞপ্তি সংক্রান্ত সংশোধনী

নোটিস তারিখ ২৬ জুন, ২০২১ (এজিএম নোটিস) সূত্র অনুসারে যা পাঠানো হয়েছে সদস্যদের বিষয়বস্তু ৩১তম বার্ষিক সাধারণ সভা কোম্পানি সদস্যদের অনুষ্ঠিত হবে বুধবার, ১১ আগস্ট, ২০২১ বেলা ১০.৩০ ঘটিকায় (আইএসটি) ভিডিও কনফারেন্সিংয়ে (ভিসি) অথবা অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ওএভিএম)।

১. যে সকল সদস্য ভোট দিয়েছেন রিমোট ই-ভোটিং মাধ্যমে এজিএম-এর পূর্বে এবং উপস্থিত থাকবেন সভায় তারা পুণরায় ভোট দিতে পারবেন না।

২. বিনিয়োগকারী যারা কোম্পানির সদস্য হয়েছেন তাদের নোটিশ / ই-মেল পাঠানো হয়েছে এবং শেয়ার হোল্ড করা রয়েছে কাট-অফ তারিখ ৪ আগস্ট, ২০২১ পর্যন্ত, তাদের অনুরোধ করা হচ্ছে চিঠি পাঠাতে বা ই-মেল দ্বারা যোগাযোগ করতে কোম্পানির সাথে-investorcare@norbentea.com নিজেদের ফোলিও নং / ডিপি আইডি এবং ক্লায়েন্ট আইডি উল্লেখ করে ই-ভোটিংয়ের জন্য লগ-ইন আইডি ও পাসওয়ার্ড পাওয়ার জন্য।

৩. শেয়ার হোল্ডাররা আপডেট করতে পারেন নিজেদের মোবাইল নাম্বার এবং ইমেল আইডি ইউজার প্রোফাইল ডিটেইলসে ফোলিওর যা ব্যবহার করা হবে ভবিষ্যত যোগাযোগের জন্য।

৪. শেয়ার হোল্ডারদের ভোটাধিকার প্রস্তুত হবে তাদের শেয়ার সংখ্যা প্রদেয় ইক্যুইটি শেয়ার মূলধন কোম্পানির কাট-অফ তারিখে ৪ আগস্ট, ২০২১ ভিত্তিতে। যদি কোন ব্যক্তি সদস্য না হয়ে থাকেন কাট-অফ তারিখে তাকে পাঠানো নোটিস শুধুমাত্র তথ্যের ভিত্তিতে।

৫. আগরওয়াল অ্যান্ট অ্যাসোসিয়েটস, কোম্পানি সেক্রেটারিয়েস প্লট নং. ১১ডি/৩১/১, স্ট্রিট নং. ১১১১, পিএস কিউবি, ইউনিট নং. ১০১৫এ, ১০ম ফ্লোর, কলকাতা-৭০০১৩৫ নিযুক্ত হয়েছে পরীক্ষক হিসাবে পরীক্ষা করতে রিমোট ই-ভোটিং এবং ভোটিং পদ্ধতি যা অনুষ্ঠিত হবে বার্ষিক সাধারণ সভায় স্বচ্ছ এবং নিরপেক্ষতার বিচারে।

৬. পরীক্ষক জমা করবেন, এজিএম সমাপ্তির ২ দিনের মধ্যে, একত্রীকরণ পরীক্ষক ফলাফল মোট ভোটদানের পক্ষে বা বিপক্ষে, যাই হোক, কোম্পানির চেয়ারম্যানের কাছে।

৭. চেয়ারম্যান ঘোষনা করবেন ভোটের ফলাফল। ঘোষিত ফলাফল সঙ্গে পরীক্ষকদের রিপোর্ট প্রদান করা হবে কোম্পানির ওয়েবসাইটে-www.norbentea.com এবং সিডিএসএল ওয়েবসাইটে এবং স্টক এক্সচেঞ্জে প্রদান করা হবে দ্রুততার সাথে সাথে।

সংশোধনী তারিখ ২৮-০৭-২০২১ এজিএম নোটিসের তারিখ ২৬ জুন ২০২১ নোটিসের আভ্যন্তরীন বিষয় যা প্রদান করা হবে কোম্পানির সদস্যদের এবং একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে-www.norbentea.com এবং সেন্ট্রাল ডিপোসিটারি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) ওয়েবসাইটে-www.evotingindia.com বিনিয়োগকারীদের তথ্যের জন্য।

নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড
স্বা /-
মীরা হালদার
(কোম্পানি সচিব)
Membership No.A45343

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৮.০৭.২০২১

Bhanderhati (2) Gram Panchayet
Vill. – Chinagori, P.O.- Bhanderhati, P.S. - Dhaniakhali, Dist. – Hooghly
MEMO No: 154/BHT-2/2021 Date: 28/07/2021
NOTICE INVITING TENDER NO: WB/HG/DNK/BHT-2/NIT-02/2021-22

Sealed Tender are hereby invited from the Experienced and resourceful, GST REGISTERED BIDDER for execution of the work(s) mentioned below:-

Sl. No.	Name of work	Place of work	Tender Amount	Earnest Money
1	Repairing and Resinking of Existing Tubwell at Sansad One (Under Drinking Water Sector, Activity Code - 47028317)	Chinagori, Kabilpur, Chandpur	3,40,522.00	6,810.00
2	Repairing and Resinking of Existing Tubwell at Sansad Two (Under Drinking Water Sector, Activity Code - 47028523)	Dhamaitikar	3,40,522.00	6,810.00
3	Repairing and Resinking of Existing Tubwell at Sansad Three (Under Drinking Water Sector, Activity Code - 47029594)	Kanikar, Deulpara	3,40,522.00	6,810.00
4	Repairing and Resinking of Existing Tubwell at Sansad Four (Under Drinking Water Sector, Activity Code - 47029771)	Sarampara, Angaru, Durgaprasad	3,40,522.00	6,810.00

*****All Source of Fund:- 15 th FC TIED, ***All Work Completion Time:- 30 Days**

Date of Application for Purchase of Tender Documents & Forms from 28/07/2021 to 04/08/2021 during office hours from 10:30 AM to 05:30 PM.

All other necessary details will be available from the office of the Bhanderhati-2 Gram Panchayat on all working days.

Sd/- Prodhan
Bhandarhati-2 Gram Panchayat

Khandari Gram Panchayet.
Unara-Jambedia, Bankura
NIT No.-02/KGP/2021-22 Dated-27/07/2021
NIT No.-03/KGP/2021-22 Dated-27/07/2021
NIT No.-04/KGP/2021-22 Dated-27/07/2021
NIT No.-05/KGP/2021-22 Dated-27/07/2021
Schedule of Tender

1) Date of issue of Tender Notice :- **27/07/2021.**
2) Date of issue of Tender Papers : - **28/07/2021 to 11/08/2021 Up to 2.00 PM** Office Date Only.
3) Date of Submission of Tender Papers with Rate and Deposit Earnest Money :- **28/07/2021 to 12/08/2021 Up to 1.00 PM** Office Date Only.
4) Date of opening of Tender Papers :- **13/08/2021 at 1.00 PM.**
*All details of Schemes and terms & Condition can be obtained from Gram panchayet Office.

Sd/- Pradhan
Khandari Gram Panchayat

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে শংসাপত্র এবং স্বতন্ত্র সংখ্যা যা নিম্নে উল্লেখিত ২৪১,০০০ ইক্যুইটি শেয়ার টাকা ১০ /- প্রতিটি বি ও এ প্যাকেজিং ইন্ডিয়া লিমিটেড - ফোলিও নং. ০০০১০৪৫ যা রয়েছে ভুবনেশ কর্মাশিয়াল প্রাইভেট লিমিটেড নামে যা হারিয়ে গিয়েছে এবং একটি আবেদন করা হয়েছে নকল শংসাপত্রের জন্য কোম্পানির কাছে যদি কারোর কোন আপত্তি থাকে তাহলে এই ঘোষনার ১৫ দিনের মধ্যে জানান।

শংসাপত্র নাম্বার থেকে	পর্যন্ত	স্বতন্ত্র নাম্বার থেকে	পর্যন্ত	শেয়ার সংখ্যা (ইক্যুইটি)
৯১৬৭	-	১১৯২৮০১	১১৯২৯০০	১০০
৯১৬৭	-	১২৯৪৬০১	১২৯৪৭০০	১০০
৯১৬৭	-	১২৯৬৮০১	১২৯৬৯০০	১০০
৯১৬৭	-	১৩০৭৫০১	১৩০৭৬০০	১০০
৯১৬৭	-	১৫৫৬৩০১	১৫৭৩৪০০	১৭১০০
৯১৬৭	-	১৫৭৩৫০১	১৫৭৬৪০০	২৯০০
৯১৬৭	-	১৫৭৬৫০১	১৫৭৯৬০০	৩১০০
৯১৬৭	-	১৫৭৯৭০১	১৬১০৩০০	৩০৬০০
৯১৬৭	-	১৬১০৪০১	১৬১৩৮০০	৩৪০০
৯১৬৭	-	১৬১৩৯০১	১৬৩৭১০০	২৩২০০
৯১৬৭	-	১৬৩৭২০১	১৬৪৩৯০০	৬৭০০
৯১৬৭	-	১৬৪৪০০১	১৬৫৬৩০০	১২৩০০
৯১৬৭	-	২২২৬৯০১	২২২৭১০০	২০০
৯১৬৭	-	২২৪৮১০১	২২৪৮২০০	১০০
৯১৬৮	-	১৬৫৬৩০১	১৭৩২২০০	৭৫৯০০
৯১৬৮	-	১৭৩২৩০১	১৭৪৪৪০০	১২১০০
৯১৬৮	-	১৭৪৪৫০১	১৭৫৬৩০০	১১৮০০
৯১৬৮	-	২২৪৯৪০১	২২৪৯৬০০	২০০
৯১৬৯	৯২০৯	১৭৫৬৩০১	১৭৯৭৩০০	৪১০০০
মোট				২৪১০০০

জনস্বার্থে এই শেয়ার নিয়ে লেনদেন না করতে সতর্কতা জারি করা হচ্ছে।

স্বা /- (ডিরেক্টর)
ভুবনেশ কর্মাশিয়াল প্রাইভেট লিমিটেড
(CIN : U51109WB1996PTC077579)
২৬ বেলভার্ড রোড, কলকাতা-৭০০০২৭

তারিখ ঃ ২৯.৭.২১
স্থান ঃ কলকাতা

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে শংসাপত্র এবং স্বতন্ত্র সংখ্যা যা নিম্নে উল্লেখিত ১২৯,০০০ ইক্যুইটি শেয়ার টাকা ১০ /- প্রতিটি বি ও এ প্যাকেজিং ইন্ডিয়া লিমিটেড - ফোলিও নং. ০০০১০২৭ যা রয়েছে অ্যামরেক্স মার্কেটিং প্রাইভেট লিমিটেড নামে যা হারিয়ে গিয়েছে এবং একটি আবেদন করা হয়েছে নকল শংসাপত্রের জন্য কোম্পানির কাছে যদি কারোর কোন আপত্তি থাকে তাহলে এই ঘোষনার ১৫ দিনের মধ্যে জানান।

শংসাপত্র নাম্বার থেকে	পর্যন্ত	স্বতন্ত্র নাম্বার থেকে	পর্যন্ত	শেয়ার সংখ্যা (ইক্যুইটি)
৮৫১	৮৫৪	৯৮৫৫২০	৯৮৫৮১৯	৪০০
১৯৫৮	১৯৬৪	১০৯৬২০১	১০৯৬৯০০	৭০০
২০৩৯	২০৪৮	১১০৪৩০১	১১০৫৩০০	১০০০
২৮৫৫	২৮৫৮	১১৮৫৯০১	১১৮৬৩০০	৪০০
৩১৩৬	৩১৩৭	১২১৪০০১	১২১৪২০০	২০০
৩১৮০	৩১৮২	১২১৮৪০১	১২১৮৭০০	৩০০
৩২৫১	৩২৫২	১২২৫৫০১	১২২৫৭০০	২০০
৩৬০১	৩৬০৪	১২৬০৫০১	১২৬০৯০০	৪০০
৩৬১৫	৩৬১৬	১২৬১৯০১	১২৬২১০০	২০০
৩৬৪০	৩৬৪২	১২৬৪৪০১	১২৬৪৭০০	৩০০
৩৬৯৬	-	১২৭০০০১	১২৭০১০০	১০০
৩৬৯৮	-	১২৭০২০১	১২৭০৩০০	১০০
৩৮১১	-	১২৮১৫০১	১২৮১৬০০	১০০
৪০২১	৪০২৩	১৩০২৫০১	১৩০২৮০০	৩০০
৪৪০৪	৪৪১১	১৮২২৬০১	১৮২৩৪০০	৮০০
৪৫৫০	-	১৮৩৭২০১	১৮৩৭৩০০	১০০
৪৬৭১	-	১৮৪৯৩০১	১৮৪৯৪০০	১০০
৪৯৭১	৪৯৯৫	১৯৯৭২০১	১৯৯৯৭০০	২৫০০
৫৬৩৯	৫৬৪৩	২০৬৪০০১	২০৬৪৫০০	৫০০
৫৯৬৩	৫৯৬৮	২০৯৬৪০১	২০৯৭০০০	৬০০
৬১২৮	৬১৩৩	২১১২৯০১	২১১৩৫০০	৬০০
৬৩১৫	৬৩২৪	২১৩১৬০১	২১৩২৬০০	১০০০
৬৬৩৫	-	২১৬৩৬০১	২১৬৩৭০০	১০০
৬৯২২	৬৯২৪	২১৯২৩০১	২১৯২৬০০	৩০০
৭১৩৪	-	২২১৩৫০১	২২১৩৬০০	১০০
৭৯৭৬	৮৩৭৩	১৮৭৯২০১	১৯৯৭২০০	৩৯৮০০
৮৩৭৮	৯১৫৫	১৯১৯৪০১	১৯৯৭২০০	৭৭৮০০
মোট				১২৯০০০

জনস্বার্থে এই শেয়ার নিয়ে লেনদেন না করতে সতর্কতা জারি করা হচ্ছে।

স্বা /- (ডিরেক্টর)
অ্যামরেক্স মার্কেটিং প্রাইভেট লিমিটেড
(CIN : U52335WB1994PTC061375)
২৬ বেলভার্ড রোড, কলকাতা-৭০০০২৭

তারিখ ঃ ২৯.৭.২১
স্থান ঃ কলকাতা

ULUBERIA MUNICIPALITY
TENDER NOTICE
"Notice Inviting Tender
NIT.-UM/198/2021-22 dated 28.07.2021
NIT.-UM/199/2021-22 dated 28.07.2021
NIT.-UM/200/2021-22 dated 28.07.2021
NIT.-UM/201/2021-22 dated 28.07.2021
NIT.-UM/202/2021-22 dated 28.07.2021
NIT.-UM/203/2021-22 dated 28.07.2021
NIT.-UM/204/2021-22 dated 28.07.2021
NIT.-UM/205/2021-22 dated 28.07.2021
NIT.-UM/206/2021-22 dated 28.07.2021
NIT.-UM/207/2021-22 dated 28.07.2021
NIT.-UM/208/2021-22 dated 28.07.2021
NIT.-UM/209/2021-22 dated 28.07.2021
NIT.-UM/210/2021-22 dated 28.07.2021
NIT.-UM/211/2021-22 dated 28.07.2021
NIT.-UM/212/2021-22 dated 28.07.2021

Details are available in our office **10.30 A.M. to 5.30 P.M.** (Working days).

Sd/- Executive Officer
Uluberia Municipality